**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, সেপ্টেম্বর ১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা : ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- *০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৪.২৬.১৯০*—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'রোহিঙ্গা বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়ন কমিটি'** নিম্নরূপে পুনর্গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিমন্ত্রী-১, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | উপদেষ্টা, প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ | প্রধান সমন্বয়ক |
| (৭) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ (এএফডি) | সদস্য |
| (৮) | পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ অধিদপ্তর | সদস্য |
| (৯) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) | সদস্য |
| (১০) | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) | সদস্য |
| (১১) | মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | সদস্য |
| (১২) | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | সদস্য-সচিব। |



**মূল্য ঃ** টাকা ৪.০০

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন (আরআরআরসি)

(২) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ (এসবি)

(৩) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)

(৪) পরিচালক (সীমান্ত), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)

(৫) পরিচালক, সোশ্যাল স্ট্যাবিলিটি ইন্টেলিজেন্স ব্যুরো (এসএসআইবি)

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) রোহিঙ্গা প্রত্যাবাসন সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে অগ্রাধিকার নির্ধারণ এবং আন্তঃসংস্থা বাস্তবায়ন তদারকিকরণ।

(২) রোহিঙ্গা প্রত্যাবাসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংস্থাসমূহের কার্যপরিধি ও ক্ষেত্র নির্ধারণ।

(৩) প্রধান সমন্বয়কের সরাসরি তত্ত্বাবধানে রোহিঙ্গা বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়নের নিমিত্ত সদস্য-সচিব কর্তৃক একটি পর্ষদ গঠন যা নিম্নোক্ত কার্যাবলি সম্পন্ন করবে:

(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার সুনির্দিষ্ট করণীয় নির্ধারণ করবে;

(খ) রোহিঙ্গাদের দ্রুত ও টেকসই প্রত্যাবাসনের জন্য রোহিঙ্গা বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়ন করবে; এবং

(গ) আগামী তিন মাসের (৯০ দিন) মধ্যে রোহিঙ্গা বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়নপূর্বক রোহিঙ্গা বিষয়ক জাতীয় কমিটির নিকট উপস্থাপন করবে।

১.৪। কমিটি প্রয়োজন ও ক্ষেত্র বিবেচনায় সশস্ত্র বাহিনী ও অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থার প্রধান বা অন্য কোনো কর্মকর্তা, প্রয়োজনীয় যে কোনো ব্যক্তিকে কমিটিতে সদস্য/সহায়তাদানকারী কর্মকর্তা হিসেবে নির্দিষ্ট সময়ের জন্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। **কমিটির সচিবালয় :**

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) কর্তৃক কমিটির সচিবালয় সংক্রান্ত প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধা প্রদান করা হবে। তবে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সভাপতির নির্দেশক্রমে পরবর্তী সময়ে অন্য যে কোনো গোয়েন্দা সংস্থা/আইন প্রয়োগকারী বাহিনী/সংস্থা নির্ধারিত মেয়াদে কমিটির সচিবালয়ের দায়িত্ব পালন করতে পারবে।

১.৬। মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জুলাই ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২. ২৬.১৫২ স্মারকের অনুবৃত্তিক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ইয়াসমিন বেগম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd